বাংলাদেশ মানবাধিকার বাস্তবায়ন সংস্থা সিলেটের আলোচনা সভা

চেম্বার ডেস্ক:: “মহামারী জয় করি, কমলা রঙের বিশ্ব গড়ি” এই প্রতিপাদ্য বিষয় নিয়ে সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও আন্তর্জাতিক মানবাধিকার দিবস পালিত হয়েছে। বাংলাদেশ মানবাধিকার বাস্তবায়ন সংস্থা সিলেটের উদ্যোগে ১০ ডিসেম্বর বৃহস্পতিবার বিকাল ৩টায় নগরীর একটি অভিজাত হোটেলে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ মানবাধিকার বাস্তবায়ন সংস্থার সিলেট বিভাগীয় প্রতিনিধি সৈয়দ আকরাম আল সাহানের সভাপতিত্বে এবং অধ্যাপক কবি নাজমুল আনসারী ও সাংবাদিক কামরুল হাসান এর যৌথ পরিচালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন সিলেট সমাজ সেবা অধিদপ্তরের উপ-পরিচালক নিবাস রঞ্জন দাশ। প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন সিলেট ল’ কলেজের প্রিন্সিপাল এডভোকেট সৈয়দ মহসিন আহমদ। বিশেষ অতিথির বক্তব্য রাখেন সিলেট প্রেসক্লাব ফাউন্ডেশনের সভাপতি ও ইলেকট্রনিকস মিডিয়া জার্নালিস্ট এসোসিয়েশন (ইমজা)’র প্রতিষ্টাতা সভাপতি সিনিয়র সাংবাদিক আল-আজাদ। বক্তব্য রাখেন ও উপস্থিত ছিলেন সার্ক ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজের প্রিন্সিপাল মোহাম্মদ মহিউদ্দিন, দুর্নীতি মুক্তকরণ বাংলাদেশ ফোরামের কেন্দ্রীয় সিনিয়র সহ-সভাপতি মোঃ ইকবাল হোসেন চৌধুরী, সিলেট জজকোর্টের সহকারী পাবলিক প্রসিকিউটর (এপিপি) এডভোকেট মামুনুর রশীদ, সিলেট বিভাগীয় ক্রীড়া সংস্থার যুগ্ম সম্পাদক ইমরান আহমদ, নিরাপদ সড়ক চাই কেন্দ্রীয় কমিটির সহ-সাংগঠনিক সম্পাদক জহিরুল ইসলাম মিশু, বাংলাদেশ পূজা উদযাপন পরিষদের সিলেট জেলা শাখার সাধারণ সম্পাদক এডভোকেট রঞ্জন ঘোষ, নিরাপদ সড়ক চাই সিলেট মহানগর শাখার সভাপতি ইকবাল হোসেন, বাংলাদেশ মানবাধিকার বাস্তবায়ন সংস্থার ফেঞ্চুগঞ্জ উপজেলা শাখার সভাপতি আখলাকুর রহমান চৌধুরী, কোম্পানীগঞ্জ উপজেলা শাখার সভাপতি ছালেহ আহমদ, জৈন্তাপুর উপজেলা শাখার ভারপ্রাপ্ত সভাপতি এম.ডি আজাদ,দুর্নীতি মুক্তকরণ বাংলাদেশ যুব ফোরামের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক আমিন তাহমীদ, ন্যাপ সিলেট জেলা শাখার সাধারণ সম্পাদক ইসমত ইবনে ইসহাক সানজিদ, সংস্থার শাহপরাণ থানা শাখার ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক কয়েছ আহমদ সাগর।

অনুষ্ঠানে শুরুতে পবিত্র কুরআন থেকে তেলাওয়াত করেন মানাধিকার কর্মী হাফিজ মোঃ এনাম উদ্দিন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন এডভোকেট আহমেদ নাকিব, সুমন চন্দ্র নাথ, নিয়াজ কুদ্দুস খান, কর আইনজীবী কামাল আহমদ, প্রভাষক জামাল উদ্দিন, দিদারুল আলম দিদার, সাজ্জাদ আহমদ সাজু, আশরাফুল্লাহ ইমন, সাংবাদিক সাদিক হোসেন এপলু, জামরুল ইসলাম, মোহাম্মদ সিরাজ, সংস্থার মানবাধিকার কর্মী নাসিমা রহমান পলি, ফারহানা আক্তার বেবী, মোছাম্মত মনিরা বেগম, মোহাম্মদ লিমন ও মো: হোসেন প্রমুখ।

আলোচনা সভায় বক্তারা নিজের পরিবার থেকে মানবাধিকার কার্যক্রম শুরুর উপর গুরুত্ব আরোপ করেন। তারা দেশ-বিদেশের বিভিন্ন স্থানে মানবাধিকার লংঘনের চিত্র তুলে ধরে বক্তব্য রাখেন। বিচার বহির্ভূত হত্যাকান্ড, নারী নির্যাতন ও ধর্ষণ প্রতিরোধে কাউন্সিলিং এর উপর জোরদেন। বক্তারা বলেন, ব্যক্তিগত ভাবে সবাই মানবাধিকার সংরক্ষণে সচেতন হলে মানবাধিকার লংঘন অনেকটা কমে আসবে। তারা বাংলাদেশ মানবাধিকার বাস্তবায়ন সংস্থা কর্তৃক বিভিন্ন কার্যক্রম সম্পর্কে অবহিত হয়ে ভূয়সী প্রশংসা করেন এবং দেশ-বিদেশের বিভিন্ন স্থানে মানবাধিকার কার্যক্রম শুরুর উপর গুরুত্ব আরোপ করেন।